The Bangladesh Times

তারিখ ... 04 MAY 1993 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৭ ...

# মাদ্রাসার দাখিল পরীক্ষা, ১৯৯৩

+ ১৯৯৩ সালের দাখিল পরীক্ষা সারা দেশব্যাপী আগামী ০৫-০৫-৯৩ ইং তারিখ হতে ১৮-০৫-৯৩ইং তারিখ পর্যন্ত অনুষ্ঠিত হবে।
+ পরীক্ষার পবিত্রতা রক্ষা করুন। পরীক্ষা কেন্দ্রে আইন শৃংখলা বজায় রাখুন।
+ নকল প্রবনতা প্রকৃত শিক্ষার অন্তরায়। নকল প্রবণতা একটি জাতীয় ব্যাধি। এই ব্যাধির মুলোৎপাটন সকলের সামাজিক ও নৈতিক দায়িত্ব।
+ নকলকে সমর্থন ও সহায়তা প্রদান একটি আত্মঘাতকমূলক আপরাধ। অবিলম্বে ইহা বর্জন করুন।
+ নকল প্রথা শিক্ষাথীর জীবনে চরম অবক্ষয়ের সূচনা করে। এই অপরাধ প্রবণতা তাদের দ্রুত ধ্বংসের মুখে ঠেলে দেয়।
+ নকল করে জ্ঞান অর্জন করা যায় না। নকলে গৌরব নেই। আছে শুধু আত্মপ্রবঞ্চনা ও ব্যার্থতার আত্মগ্লানি।
+ নকল করা দন্ডনীয় অপরাধ। নকল করা থেকে বিরত থাকুন। নকল করার অপরাধে ৪ (চার) বছর পর্যন্ত বহিস্কারের বিধান রয়েছে।
+ কেন্দ্র ও মাদ্রাসা কর্তৃপক্ষ, মাদ্রাসার শিক্ষক/শিক্ষিকা বা অন্য যে কোন ব্যক্তির কারণে পরীক্ষা কেন্দ্রে সুষ্ঠু পরীক্ষা পরিচালনায় বিঘ্ন সৃষ্টি হলে কেন্দ্র বাতিল, সংশ্লিষ্ট ব্যক্তিকে চাকুরীচ্যুত, সরকারী অনুদান বন্ধ এবং মাদ্রাসার মঞ্জুরী/স্বীকৃতি বাতিল করা হবে।
+ পরীক্ষা কেন্দ্র আইন শৃংখলা ভংগকারী যে কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গকে পাবলিক পরীক্ষা অপরাধ আইন বলে তা ৎক্ষণিকভাবে বিচার করে কারাদন্ড অথবা অর্থ দন্ড অথবা উভয় প্রকার দন্ড প্রদানের ব্যবস্থা করা হবে।
+ দাখিল পরীক্ষা ১৯৯৩ এর সুষ্ঠু ও সুচারুরূপে পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলের সর্বাত্মক সহযোগিতা কামনা করা যাচ্ছে।

ডিএফপি(সে)৭২৮৫-৫/৫ (৭X২) জিসি-২৬৬৩